

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.০৯৮.১৬-১১

তারিখঃ ২৪ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ  
০৬ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিঃ


বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ৩০/০১/২০১৭ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪২২.২২.০০৫.১৪-১১৩নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে সাধারণ খাতের ১ম পর্যায়ে নগদ অর্থ নির্ধারিত সময়ে বরাদ্দ দেওয়া হয়েছে এবং বরাদ্দ পত্রে প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। কিন্তু আপনার জেলা হতে প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত অগ্রগতির প্রতিবেদন এখনো পাওয়া যায়নি। প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা না হলে মন্ত্রণালয় হতে ২য় পর্যায়ের বরাদ্দ ছাড় করা হবে না মর্মে সূত্রস্ব পত্রে উল্লেখ করা হয়েছে।

এমতাবস্থায়, প্রকল্প বাস্তবায়নের ১ম পক্ষের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে এবং পরবর্তী পক্ষের প্রতিবেদন পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে সংযুক্ত 'ছক' মোতাবেক প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।  
সংযুক্তঃ 'ছক' ০২ (দুই) পাতা।

  
(শায়ক হোসেন)  
(উপ সচিব)  
উপ পরিচালক (কাবিখা-২)  
ফোন: ৮৮১৫৫৬০

জেলা প্রশাসক,  
.....(সকল)।

অনুলিপি অবগতির জন্যঃ

- ১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকতা, .....(সকল)।  
২। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। [পত্রটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের [www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd) ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]।







